

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date 07-01-2025**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) আসন্ন গঙ্গাসাগর মেলায় যে কোনো রকম অপ্রীতিকর পরিস্থিতি মোকাবিলায় ঘুর্ব সম্প্রদায়কে সক্রিয় থাকার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।
- ২) মুড়িগঙ্গা নদীতে রাজ্য কেন্দ্রের আর্থিক সাহায্য ছাড়াই সেতু নির্মাণ করবে বলে তিনি জানিয়েছেন। সাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী এখন গঙ্গাসাগরে।
- ৩) রাজ্যে আদিবাসীদের বর্তমান অবস্থা নিয়ে খোঁজখবর নিতে রাজভবনের তরফে আজ শুরু হতে চলেছে আমার গ্রাম কর্মসূচী।
- ৪) রাজ্যে সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজে কর্মরত চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসের উপরে কড়া নির্দেশিকা জারি করেছে সরকার।  
ডাক্তারদের সংগঠন এই নির্দেশিকাকে স্ব-বিরোধী বলে অভিযোগ করেছে।
- ৫) পশ্চিমী ঝঞ্চায় বাধা প্রাপ্ত হয়ে রাজ্যে শীত কিছুটা থমকে। উত্তরবঙ্গের কয়েকটি জেলায় আজ হাঙ্কা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
- ৬) কলকাতা সহ রাজ্যের বিভিন্ন এলাকায় আজ সকালে মৃদু ভূকম্পন।
- ৭) বাংলা, বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন গঙ্গাসাগর মেলায় যেকোনো রকম অপ্রতিকর পরিস্থিতির মোকাবিলায় স্থানীয় মানুষ বিশেষ করে যুব সম্প্রদায়কে সক্রিয় থাকার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল গঙ্গাসাগরে গিয়ে এক অনুষ্ঠানে তিনি বলেন, এই ধরনের উৎসব দেশের সব মানুষের মিলন মেলা। কোন কোন শক্তি বিশৃঙ্খলা ঘটাতে পারে সেটা তরুণদের লক্ষ্য রাখতে হবে। বিশেষ কৃতিত্বের জন্য প্রশাসন থেকে তাদের পুরস্কৃতও করা হবে।

সাগরে ওই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, মুড়িগঙ্গা নদীতে রাজ্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য ছাড়াই সেতু নির্মাণ করবে। এর জন্য খরচ ধরা হয়েছে দেড় হাজার কোটি টাকা। টেন্ডার পাশ হয়ে গেলেও সেই কাজ শেষ হতে দু থেকে তিনি বছর সময় লাগবে। এই সেতু নির্মাণের কাজ শেষ হলে সাগরদ্বীপের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট)

ঐ অনুষ্ঠানে গোসাবা-পাথরপ্রতিমা এবং হিঙ্গলগঞ্জ ও সন্দেশখালি এই দুটি করে ঝুককে নিয়ে আলাদা সাব ডিভিশন বা মহকুমা তৈরির নির্দেশ দেন মমতা। এর ফলে সুন্দরবনের মানুষের যাতায়াতের অসুবিধে যেমন কাটবে, তেমনি তারা ঠিকঠাক প্রশাসনিক সুবিধাও পেতে পারবেন।

অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী স্বেচ্ছাসেবী সংগঠন ভারত সেবাশ্রম সভ্যের সাধুদের সঙ্গে দেখা করেন। এরপর কপিলমুনির মন্দিরে তিনি পুজো দেন। মন্দিরে পুজো দেওয়ার পর আশ্রমের প্রধান মহান্ত জ্ঞানদাসের সঙ্গে দেখা করে প্রাকৃতিক কারণে তৈরি হওয়া মন্দিরের সক্ষট নিয়ে আলোচনা করেন মমতা।

মুখ্যমন্ত্রী আজ গঙ্গাসাগরে এক অনুষ্ঠানে বিভিন্ন সরকারি প্রকল্পের উদ্বোধন করবেন। এরপর দুপুরে তিনি কলকাতায় ফিরবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আদিবাসীদের বর্তমান অবস্থা নিয়ে খোঁজখবর নিতে রাজভবনের তরফে আজ শুরু হতে চলেছে আমার গ্রাম কর্মসূচী। এর আওতায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ধাপে ধাপে রাজ্যের বিভিন্ন আদিবাসী গ্রামে যাবেন। তাদের সঙ্গে কথা বলে বিভিন্ন সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সহ অন্যান্য সুযোগ তারা পাচ্ছেন কিনা, তিনি সেই বিষয়ে খোঁজখবর নেবেন বলে রাজভবন সৃত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য, সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজে কর্মরত চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসের উপরে কড়া নির্দেশিকা জারি করেছে সরকার। স্বাস্থ্য দপ্তরের এক নির্দেশিকায় বলা হয়েছে, এখন থেকে কোন চিকিৎসক প্রাইভেট প্র্যাকটিস করতে চাইলে তাকে স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার কাছ থেকে অনুমতির পাশাপাশি নো অবজেকশন সার্টিফিকেট নিতে হবে। কর্মক্ষেত্রের ২০ কিলোমিটারের বাইরে এবং সরকারি হাসপাতালের কোয়ার্টারেও চিকিৎসকরা কোনোভাবেই প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না।

অন্যদিকে স্বাস্থ্য সাথী কার্ডে চিকিৎসা করলে এখন থেকে চিকিৎসকদের নন প্রাস্টিসিং এলাউপ নিচ্ছেন না বলেও হলফনামা দিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডাক্তার দের প্রাইভেট প্র্যাকটিসের বিষয়ে এই নির্দেশিকা স্ববিরোধী বলে ডাক্তারদের সংগঠন - সার্ভিস ডস্ট্রিব ফোরাম উল্লেখ করেছে। নির্দেশিকার কড়া সমালোচনা করে সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস বলেন, চূড়ান্ত

অবৈজ্ঞানিক এবং স্বজন পোষণ যুক্ত নীতি আগে পাল্টাতে হবে। লক্ষ লক্ষ টাকার বিনিময়ে কিছু চিকিৎসককে বাড়ির কাছে পোষ্টিং দেওয়া হচ্ছে, আর কিছু চিকিৎসক বছরের পর বছর বাড়ি থেকে কয়েকশ কিলোমিটার দূরে পোষ্টিং পাচ্ছে।

সুতরাং 20 কিলোমিটারের মধ্যে প্র্যাটিসের ফরমান চালু করার আগে, সরকারকে স্বচ্ছ বদলি নীতি চালু করতে হবে বলে তিনি উল্লেখ করেন।

অবিলম্বে এই নীতি বর্জন না করলে এর ফলে সৎ এবং কর্তব্যপরায়ন অনেক দক্ষ চিকিৎসক বঞ্চিত হবেন, রোগীরাও বঞ্চিত হবেন।

oooooooooooooooooooo

কর্ণাটকে দুটি শিশুর শরীরে HMP ভাইরাসের সন্ধান পাওয়ার পর এরাজ্য সরকারি হাসপাতালের চিকিৎসকদের দুটি বিষয়ের উপর নজর রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এই রোগীর সংখ্যা বাঢ়ছে কিনা এবং এই ভাইরাসে আক্রান্ত রোগীর উপসর্গে কোনো অস্বাভাবিকতা লক্ষ্য করা যাচ্ছে কি না, তার ওপর সরকারি চিকিৎসকদের নজর রাখতে হবে। রাজ্য স্বাস্থ্য দপ্তর সূত্রে এই খবর জানা গেছে।

oooooooooooooooooooo

রাজ্য এইচ এম পি ভাইরাস নিয়ে এখনই আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি গতকাল গঙ্গাসাগরে জানান, প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হচ্ছে। সরকার পরিস্থিতির ওপর নজর রাখছে। মুখ্যসচিব মনোজ পন্থ ইতোমধ্যেই এই নিয়ে বেঠক করেছেন। তবে এরাজ্য এখনও এই ভাইরাসে আক্রান্ত হওয়ার কোনো খবর নেই। যে কোনো রকম পরিস্থিতির মোকাবিলায় এবং জনগণকে রক্ষা করতে রাজ্য সরকার প্রস্তুত আছে বলেও তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

oooooooooooooooooooo

যক্ষামুক্ত ভারত গড়ার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের ১০০ দিনের প্রচারমূলক কর্মসূচী নিয়ে জলপাইগুড়ি জেলা শাসকের কার্যালয়ে গতকাল এক পর্যালচনা বৈঠক হয়। জলপাইগুড়ির মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার অসীম হালদার জানান, জেলা জুড়ে গত ৯ই ডিসেম্বর থেকে এই প্রচারাভিযান শুরু হয়েছে। চলবে ২৪শে মার্চ পর্যন্ত। চা বাগান, বস্তি এলাকা, স্কুল, কলেজ, সর্বত্রই স্ক্রিনিং শুরু হয়েছে। জেলায় নিষ্কায় মিত্র প্রকল্পের অধীনে বহু মানুষ যুক্ত হয়েছেন।

### (বাইট)

জেলা যক্ষা আধিকারিক ডাক্তার শুভদীপ সরকার বললেন জলপাইগুড়ি জেলা যক্ষা প্রবণ দ্রুত যক্ষা মুক্ত করার জন্য ১০০ দিনের স্ক্রিনিং ক্যাম্পেন চলছে বিভিন্ন চা বাগান, কলেজ, অফিস, সর্বত্রই।

০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে যে শিশু বদলের অভিযোগ উঠেছে, তার প্রেক্ষিতে নিজেদের ভুল শুধরে নিয়েছে। মৃত শিশু কন্যার বদলে অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয়েছিল মৃত একটি পুত্র সন্তান। পরে হাসপাতাল কর্তৃপক্ষ গতকাল মৃত কন্যা সন্তানের দেহ পরিবারের হাতে তুলে দেয়। পরিবার সূত্রে জানা গেছে, টাইপের ভুলে শিশু কন্যার জায়গায় পুত্র লেখা থাকায় এই গন্ডগোল বাধে।

০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝঁঝায় বাধা প্রাপ্ত হয়ে রাজ্যে শীত কিছুটা থমকে। উত্তরবঙ্গের কয়েকটি জেলায় আজ হাঙ্কা বৃষ্টির সন্তান রয়েছে। ঝঁঝায় কেটে গেলেই অবশ্য তাপমাত্রা কমবে বলে আবহাওয়াবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

### (বাইট - সৌরিশ)

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৪ দশমিক ১ ডিগ্রী, স্বাভাবিকের তুলনায় যা সামান্য কম।

এদিকে, কলকাতা সহ রাজ্যের বেশকিছু জেলায় ঘন কুয়াশায় যান চলাচলে প্রভাব পড়েছে।।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনা জেলা জুড়ে টানা তিন দিন ঘন কুয়াশার দাপট অব্যাহত। ভোর থেকে কুয়াশার চাদরে মুড়ে গিয়েছে পুরো জেলা। কুয়াশার জেরে সকাল থেকে গঙ্গাসাগরের ভেসেল পরিষেবা বন্ধ করে দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী এখন গঙ্গাসাগরে। তারই মধ্যে কুয়াশার কারণে সাগরদ্বীপের সঙ্গে কাকদ্বীপের যোগাযোগ কার্যত বিছিন্ন। পুণ্যার্থী থেকে সাধারণ মানুষ কাকদ্বীপের লট নং আট ও সাগরের কচুবেড়িয়া জেটিতে ভেসেলের অপেক্ষায়। সড়ক ও রেলপথেও পরিবহনের ওপর প্রভাব পড়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ি, শিলিগুড়ি সহ উত্তর বঙ্গের বিস্তীর্ণ এলাকায় আজ সকালে মৃদু ভূকম্পন অনুভূত হয়। রিখটার ক্ষেলে এর তীব্রতা ছিল ৫ দশমিক ৩। সকাল ছটা পঁয়ত্রিশ মিনিট নাগাদ এই ভূমিকম্পের কেন্দ্র স্থল ছিল তিব্বতের শিগাতসের ৩৫ কিলোমিটার অদূরে।

দক্ষিণবঙ্গে কলকাতা সহ ২/১ টি জায়গায় ভূমিকম্প টের পাওয়া যায়। ক্ষয়ক্ষতির কোন খবর এখনও নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার কুলতলির মৈপীঠ-বৈকষ্টপুর গ্রাম পঞ্চায়েতের কিশোরী মোহনপুর গ্রামের শ্রীকান্ত পল্লী এলাকায় বাঘের পায়ের ছাপকে কেন্দ্র করে আতঙ্ক ছড়িয়েছে। পুলিশ ও বনদণ্ডের নলগোড়া বিটের বনকর্মীরা, বাঘটির অবস্থান জানতে পায়ের ছাপ অনুসন্ধান করছেন।

এদিকে জিনাত ফিরে যেতে না যেতেই রাজ্যে ফের ওড়িশা থেকে বাঘ আসার খবরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উদ্বেগ প্রকাশ করেছেন। গঙ্গাসাগরে গতকাল মেলার প্রস্তুতি খতিয়ে দেখে তিনি ওড়িশা সরকার যাতে উদ্বারকারী দল পাঠায় সে ব্যাপারে বনদণ্ডকে নির্দেশ দিতে অনুরোধ করেছেন। মানুষের মধ্যে এই নিয়ে কোনোরকম আতঙ্ক ছড়াতে দেবেন না বলেও মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান। মুখ্যসচিব মনোজ পন্তকে তিনি এব্যাপারে নজরদারির দায়িত্ব দিয়েছেন।

oooooooooooooooooooo

হাওড়ার বাগনান ১ নং ব্লকের অন্তর্গত বাকসীহাট গ্রাম পঞ্চায়েতের মানকুর গ্রামে রূপনারায়ণ নদীর তীর থেকে উদ্বার হয়েছে প্রায় ৫০ কেজির একটি কচ্ছপের মৃতদেহ। সেটি সামুদ্রিক অলিভ রিডলের বলে মনে করা হয়।

ভাটা চলার সময় গ্রামের যুবকরা দেখেন একটি বিশাল আকৃতির কচ্ছপের মৃতদেহ নদীর পাড়ে পড়ে আছে। খবর ছড়াতেই এতো বড়ো কচ্ছপ দেখতে মানুষের ভীড় লেগে যায়।

বন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে, এই কচ্ছপের ময়নাতদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ ও মৃত কচ্ছপটি আদৌ অলিভ রিডলে কি না জানা যাবে।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের গড়বেতার মাইতা এলাকায় গত সন্ধ্যায়, বিজেপির সদস্য সংগ্রহ অভিযান করতে গিয়ে দুষ্কৃতিদের হাতে আক্রান্ত হয়ন, বিজেপির তপশিলি মোর্চার রাজ্য সাধারণ সম্পাদক মদন রংইদাস। গুরুতর অসুস্থ অবস্থায় তাঁকে গড়বেতা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ভারতীয় জনতা পার্টির অভিযোগ, ত্রণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা এই ঘটনার সঙ্গে জড়িত। শাসক দল অবশ্য অভিযোগ খারিজ করে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ জেলা পুলিশের বারোজন সাব-ইন্সপেক্টরের দায়িত্বে বদল আনা হয়েছে। একটি মহিলা থানা সহ মুর্শিদাবাদ পুলিশ জেলায় মোট ২৪টি থানা আছে। তারমধ্যে ছ'টি থানার ওসি বদল হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

বাংলা, বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। গুজরাটে গতকাল প্রি কোয়ার্টার ফাইনালে বাংলা ও রাজস্থানের খেলা ড্র হয়। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা শেষ আট-এ পৌঁছল। কোয়ার্টার ফাইনালে বাংলা, মুস্বাইয়ের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ২-৩ গোলে মুস্বাই সিটি এফসির কাছে পরাজিত হয়েছে। সল্টলেক স্টেডিয়ামে গতকাল এই ম্যাচে ইস্টবেঙ্গলের হয়ে ডেভিড লালহানসাঙ্গ গোল করেন। আরেকটি আত্মাতী। মুস্বাইয়ের হয়ে কারেলিস দুটি ও ছাঞ্চতে একটি গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০